

Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 03 June, 2025

নোয়াখালীর সেনবাগে কোরবানির পশুরহাটে শ্বেিক করে কৃষকের মৃত্যু হয়েছে।

নিহত জাকার উল্লাহ (৫০) জেলার কবিরহাট উপজেলার বাটইয়া ইউনিয়ন ৪নম্বর ওয়ার্ড আশরাফ মিয়াজি বাড়ির বাসিন্দা।

সোমবার (২ জুন) বিকেলে উপজেলার বিজবাগ ইউনিয়নের ফকিরহাট বাজারে এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়, দুপুর দিকে জাকার পার্শ্ববর্তী কবিরহাট উপজেলা থেকে দুটি ছাগল নিয়ে সেনবাগের বিজবাগ ইউনিয়নের ফকিরহাট বাজারের পশুরহাটে আসে। এরপর তিনি ওই পশুরহাটে একটি ছাগল বিক্রি করেন। আরেকটা ছাগল বিক্রির টাকা নেওয়ার সময় আসম্মিক বৃকে ব্যথায় মাটিতে পড়ে যান। তাৎক্ষণিক স্থানীয় লোকজন তাকে চিকিৎসকের কাছে নিয়ে গেলে মৃত ঘোষণা করেন।

সেনবাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এসএম মিজানুর রহমান বলেন, বিষয়টি শুনেছি। পরে তাকে পারিবারিক কবরস্থানে দাফন করা হয়।

নোয়াখালী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 20:46

URL: <https://www.timestodaybd.com/across-the-country/3272775807>